

"উন্নয়নের গণতন্ত্র,  
শেখ হাসিনার  
মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
কক্সবাজার।  
শিক্ষা ও কল্যাণ শাখা

কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটির জুলাই/২০১৯ মাসের সভার  
কার্যবিবরণী:

সভাপতি মো: কামাল হোসেন  
জেলা প্রশাসক  
সভার তারিখ ০৭ জুলাই, ২০১৯খ্রিস্টাব্দ  
সভার সময় সকাল ৯.৩০টা  
স্থান শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, কক্সবাজার  
উপস্থিতি .পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতি তাঁর সুচনা বক্তব্যে জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়নে সরকারি কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোকপাত করেন। অতঃপর তিনি কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	সভাপতি ২০১৮-১৯ অর্থবছরে এ জেলার জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিবকে অনুরোধ জানান। সদস্য-সচিব এতদবিষয়ে অগ্রগতি তুলে ধরেন। পর্যালোচনায় দেখা যায় যে, প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী অনেক কাজ সম্পন্ন হয়েছে। জেলা অফিসের মত উপজেলা পর্যায়ের অফিস সমূহেও শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি মত প্রকাশ করেন।	২০১৮-১৯ অর্থবছরের শুদ্ধাচার পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কক্সবাজার।
২.	শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ প্রণয়ন	সদস্য-সচিব আগামি ২০১৯-২০ অর্থবছরের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ মে ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৫২.১৭.০৪৯ নং স্মারকে প্রাপ্ত পত্র মতে খসড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী খসড়া কর্মপরিকল্পনা চূড়ান্ত করে সকলের সম্মতিক্রমে বিভাগীয় কমিশনার এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশনা দেন।	চূড়ান্ত শুদ্ধাচার কর্মপরিকল্পনা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে এবং ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

৩	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা তৈরী	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে শুদ্ধাচার কর্মপরিকল্পনা তৈরীপূর্বক এ কার্যালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে এবং বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।	২০১৯-২০২০ অর্থ বছরের উপজেলা নির্বাহী অফিসারগণ শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করবেন এবং ওয়েবসাইটে প্রকাশ করবেন	উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৪.	২০১৯-২০২০ অর্থ বছরের প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থ বছরের প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নকারী কর্মকর্তা/শাখা কে যথাসময়ে বাস্তবায়নপূর্বক তা নৈতিকতা কমিটিতে যথাসময়ে উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	২০১৯-২০২০ অর্থ বছরের প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনার যথাসময়ে বাস্তবায়নপূর্বক তা নৈতিকতা কমিটিতে যথাসময়ে উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট সকল।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: কামাল হোসেন  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১২৭.১২.০১৯.১৮.৩৪৮

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৬

১০ জুলাই ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কক্সবাজার।
- ৬) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার।
- ৭) অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), কক্সবাজার।
- ৮) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কক্সবাজার।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল)



মো: কামাল হোসেন  
জেলা প্রশাসক